



ইসলামিক ফাউন্ডেশন

আগারগাঁও, শেরে বাংলানগর, ঢাকা-১২০৭

॥ প্রেস বিজ্ঞপ্তি ॥

জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় সিদ্ধান্ত

পবিত্র জমাদিউস সানি মাসের চাঁদ দেখা যায় নি

আগামী ১৮ ফেব্রুয়ারি থেকে পবিত্র জমাদিউস সানি মাস গণনা শুরু

ঢাকা, শুক্রবার, ১৬ ফেব্রুয়ারি ২০১৮ ॥

বাংলাদেশের আকাশে আজ ১৪৩৯ হিজরি সনের পবিত্র জমাদিউস সানি মাসের চাঁদ দেখা যায় নি। ফলে আগামীকাল ১৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. পবিত্র জমাদিউল আউয়াল মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. রবিবার থেকে পবিত্র জমাদিউস সানি মাস গণনা শুরু হবে।

আজ সন্ধ্যায় ইসলামিক ফাউন্ডেশন বায়তুল মুকাররম সভাকক্ষে জাতীয় চাঁদ দেখা কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। এতে সভাপতিত্ব করেন ধর্ম মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মোঃ হাফিজুর রহমান।

সভায় ধর্ম মন্ত্রণালয়ের যুগ্ম সচিব এ বি এম আমিন উল্লাহ নুরী, তথ্য মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব মোঃ মিজান-উল-আলম, অতিরিক্ত প্রধান তথ্য কর্মকর্তা ফজলে রাব্বী, মন্ত্রি পরিষদ বিভাগের উপ-সচিব মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী, ঢাকা জেলার এনডিসি কাজী হাফিজুল আমিন, ওয়াক্ফ উপ-প্রশাসক (প্রশাসন) দেওয়ান মোঃ আব্দুস সামাদ, বাংলাদেশ টেলিভিশনের পরিচালক (প্রশাসন) মোঃ শাখাওয়াত হোসেন, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তরের উপ-পরিচালক মোঃ আবদুর রহমান, বায়তুল মুকাররম জাতীয় মসজিদের সিনিয়র পেশ ইমাম মুহাম্মদ মিজানুর রহমান, চকবাজার শাহী জামে মসজিদের খতিব মাওলানা শেখ নাসিম রেজওয়ান ও লালবাগ শাহী জামে মসজিদের খতিব আবু রায়হান প্রমুখ উপস্থিত ছিলেন।

সভায় ১৪৩৯ হিজরি সনের পবিত্র জমাদিউস সানি মাসের চাঁদ দেখা সম্পর্কে সকল জেলা প্রশাসন, ইসলামিক ফাউন্ডেশন-এর প্রধান কার্যালয়, বিভাগীয় ও জেলা কার্যালয়সমূহ, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর এবং মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান হতে প্রাপ্ত তথ্য নিয়ে পর্যালোচনা করে দেখা যায় যে, অদ্য ২৯ জমাদিউল আউয়াল ১৪৩৯ হিজরি, ৪ ফাল্লুন ১৪২৪ বঙ্গাব্দ, ১৬ ফেব্রুয়ারি ২০১৮ খ্রি. শুক্রবার সন্ধ্যায় বাংলাদেশের আকাশে পবিত্র জমাদিউস সানি মাসের চাঁদ দেখা যায় নি। এমতাবস্থায়, আগামীকাল ৫ ফাল্লুন ১৪২৪ বঙ্গাব্দ, ১৭ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ শনিবার পবিত্র জমাদিউল আউয়াল মাস ৩০ দিন পূর্ণ হবে এবং আগামী ৬ ফাল্লুন ১৪২৪ বঙ্গাব্দ, ১৮ ফেব্রুয়ারি ২০১৮ খ্রিস্টাব্দ রবিবার থেকে পবিত্র জমাদিউস সানি মাস গণনা শুরু হবে।

(শায়লা শারমীন)

সহকারি জনসংযোগ কর্মকর্তা

ইসলামিক ফাউন্ডেশন

মোবাইল ০১৫৫-৩৫৩৬২৭৬,

০১৭১-৭০৩৮০৬৬